দৈনিক সংবাদ

তারিখ APR 25 1999
পৃষ্ঠা ৫ কলাম ৪

167

# শরীয়তপুরে ১৯৩টি শিক্ষকের পদ শূন্য ।। ছাত্রছাত্রীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত

শরীয়তপুর থেকে নিজস্ব সংবাদদাতা ঃ শিক্ষা প্রতিষ্ঠানের স্বল্পতা, প্রয়োজনীয় শিক্ষক সংকট ও ড্রপ আউটের কারণে শরীয়তপুর জেলার ৬টি থানায় প্রাথমিক শিক্ষার মান পড়ে গেছে। জেলায় মোট সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ৩শ' ৯৬টি। এসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে মোট ১ হাজার ৫শ' ৪৩টি, বর্তমানে কর্মরত শিক্ষকের সংখ্যা হলো ১ হাজার ৪শ' ৫০টি অর্থাৎ বিদ্যালয়গুলোতে এখনও শূন্য পদ রয়েছে ১শ' ৯৩টি।

শরীয়তপুরের চরাঞ্চলের এলাকা বিশেষ করে নড়িয়া থানার চরআতা, নওপাড়া চরমোহন, জাজিরা থানার কুণ্ডেরচর, ভেদরগঞ্জ থানার চরভাগা, দুলার চর, কাচিকাটা এলাকায় শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কম থাকায় ওই এলাকার হাজার হাজার ছেলে মেয়ে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। নদী বিশিষ্ট ওই সকল এলাকায় শ' শ' ছেলে মেয়েকে 'স্কুল চলাকালীন পদ্মানদীর তীরে খেলাধূলায় ব্যস্ত থাকতে দেখা যাচ্ছে। স্কুলের সংখ্যা কম থাকার কারণে এসব ছেলে মেয়েদের পড়াশোনার সুযোগ তেমন গড়ে উঠেনি। কোন কোন ক্ষেত্রে অভিভাবকরা তাদের ছেলেমেয়েকে মাইলের পর মাইল পায়ে হেঁটে স্কুলে পাঠাতেও সাহস পাচ্ছে না। ফলে চরাঞ্চলের হাজার হাজার ছেলেমেয়ের পড়াশোনা বন্ধ হয়ে যাচ্ছে।

অন্য দিকে অভিভাবকদের দৈন্যতার কারণে চরাঞ্চলের ছেলেমেয়েদের অনেককেই কিছুদিন স্কুলে পাঠিয়ে পরে মাঠে ফসল উৎপাদন, দিনমজুর ও ক্ষুদে ব্যবসার কাজে লাগিয়ে দেয়া হচ্ছে, চরাঞ্চলে স্কুলের সংখ্যা বাড়ানোর পাশাপাশি খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচি চালু করা প্রয়োজন বলে এলাকাবাসী মনে করেন।